53

দৈনিক বাংলা

তারিখ 09 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

প্রধান শিক্ষক আটক

# টঙ্গীতে ৪৮ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি ঃ উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা ঃ টঙ্গী, ৮ এপ্রিল।–এসএসসি পরীক্ষার প্রবেশপত্র না পাওয়ায় টঙ্গী ও উত্তরা থেকে ৪৮ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি। এ সকল পরীক্ষার্থী ফরম ফিলাপ করে রোববার পরীক্ষা দিতে না পারায় পরীক্ষা কেন্দ্রে এসে তারা কান্নায় ভেঙ্গে পড়ে। ঘটনার জন্য তারা দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করেছে।

টঙ্গী কাদেরীয়া টেক্সটাইল মিলস আদর্শ বিদ্যালয়ের ২৪ জন এবং উত্তরা মডেল স্কুল এন্ড কলেজের ২৪ পরীক্ষার্থী এ ঘটনার শিকার। প্রবেশপত্র না পাওয়ায় উত্তরা মডেল স্কুলের ছাত্ররা শনিবার রাতে কাওলা এলাকা থেকে জাহাঙ্গীর আলম নামে উক্ত স্কুলের এক শিক্ষককে অপহরণ করে নিয়ে গেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত তার কোন খোঁজ পাওয়া যায়নি। স্কুলে ব্যাপক উত্তেজনা দেখা দেয়ায় কর্তৃপক্ষ স্কুল বন্ধ ঘোষণা করেছেন।

ভুয়া রেজিস্ট্রেশন কেলেংকারীর সঙ্গে জড়িত থাকার অভিযোগে বোর্ড কর্তৃপক্ষ টঙ্গীর কাদেরিয়া মিল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু বকর সিদ্দিককে লালবাগ থানা পুলিশের কাছে সোপর্দ করেছে।

ছাত্র–ছাত্রীদের কাছ থেকে জানা গেছে, কাদেরিয়া স্কুলের প্রধান শিক্ষক শিক্ষা বোর্ডের কিছু কর্মচারীর যোগ-সাজশে ভুয়া রেজিস্ট্রেশন কার্ডের মাধ্যমে ২৪ জন ছাত্রের ফরম ফিলাপ করে বোর্ডে পাঠায়। বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষ কাগজপত্রগুলো জাল বলে শনাক্ত করে। স্কুলের কাজে প্রধান শিক্ষক বোর্ডে গেলে বোর্ড কর্তৃপক্ষ তাকে পুলিশে সোপর্দ করে।

উত্তরা স্কুল এন্ড কলেজের ছাত্র–ছাত্রীদের কাছ থেকে ৮/১০ হাজার টাকা করে ফিস নিয়ে পরীক্ষার্থীদের ফরম ফিলাপ করানো হয়। ফরম ফিলাপের টাকা নিয়ে উক্ত ক্লাসের প্রধান শিক্ষক বোর্ডের আনুষঙ্গিক কাজ না করায় এ স্কুলের ২৪ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি।